# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)
## বিষয় : উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম পত্র (সৃজনশীল)

**বিষয় কোড : ২৮৬**

**সময়: ২ ঘণ্টা ১০ মিনিট** — **পূর্ণমান: ৬০**

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]*

১. ▶ কমল কোল্ড স্টোরেজ এলাকায় কৃষকদের আলু, পিয়াজ, ফলমূল ইত্যাদি মৌসুমের সময় সংরক্ষণের ব্যবস্থা করে। সুবিধামতো সময়ে কৃষকরা তা সংগ্রহ করে বিক্রয় করে। তাদের শুরু থেকেই বিনিয়োগের পরিমাণ ছিল ১ কোটি টাকা। গত বছর তাদের মোট আয় ছিল ৮০ লক্ষ টাকা। এর পূর্ববর্তী বছরের মোট আয় হয়েছিল ১ কোটি টাকা। অবস্থাদৃষ্টে তারা মনে করছে কোল্ড স্টোরেজটি বন্ধ করে দিবে।

ক. উৎপাদন কী? ১

খ. রূপগত উপযোগ বলতে কী বুঝ? ২

গ. কমল কোল্ড স্টোরেজ কোন ধরনের উপযোগ সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. প্রদত্ত তথ্য মতে প্রয়োগযোগ্য উৎপাদনশীলতা নির্ণয়পূর্বক কোল্ড স্টোরেজটি বন্ধের সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

২. ▶ খবিরপুর গ্রামের ৩০ জন কৃষক একত্রিত হয়ে সমঅধিকারের ভিত্তিতে সংগঠন গড়ে তোলে। তারা উৎপাদিত পণ্য একত্রিত করে শহরে নিয়ে বিক্রয় করে। তাদের মুনাফা হচ্ছিল। সম্প্রতি তাদের সংগঠনের মূল কাণ্ডারী মারা যাওয়ায় সংগঠনটি লাভ করতে পারছে না। তারা একজন পেশাদার ব্যবস্থাপক নিয়োগের চিন্তা করছে।

ক. শ্রম কী? ১

খ. মূলধন বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সংগঠনটি কোন ধরনের সংগঠন? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো পেশাদার ব্যবস্থাপক নিয়োগের সিদ্ধান্ত যুক্তিসঙ্গত? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৩. ▶ রহিমা বেগমের নাটোরে একটি হস্তশিল্পজাত পণ্যের দোকান আছে। তিনি তার বাড়িতে একটি কারখানাতে ৬০ জন শ্রমিক নিয়ে বিভিন্ন ধরনের পণ্য তৈরি করেন। সকাল থেকে রাত পর্যন্ত শ্রমিকদের সাথে তিনি কাজ করেন। বিদেশি পর্যটকদের কাছে বাংলাদেশি হস্তশিল্পজাত পণ্যের যথেষ্ট চাহিদা আছে। তাই এ ব্যবসায়ের লাভ থেকে তিনি আরও একটি দোকান কক্সবাজারে চালু করার চিন্তা করছেন।

ক. ক্ষুদ্র শিল্প কী? ১

খ. শ্রমিক সংখ্যার দিক থেকে মাঝারি ও বৃহদায়তন শিল্পের পার্থক্য কী? ২

গ. উদ্দীপকে উল্লিখিত রহিমা বেগমের ব্যবসায় কোন ধরনের শিল্প? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'মালিকের তত্ত্বাবধানই ব্যবসায়ের সফলতার মূল কারণ'- উদ্দীপকের আলোকে উক্তিটির যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

teachingbd.com

৪. ▶ 'মিলেনিয়াম ইন্ডাস্ট্রিজ লি.' সাভারে একটি কারখানায় চকলেট উৎপাদন করছে। ৫ বছর পূর্বে শুরু হলো এটি এখন পর্যন্ত এক ধরনের চকলেট উৎপাদন করে। বিক্রয় কমে যাওয়ায় প্রতিষ্ঠানটি এখন বন্ধ হবার উপক্রম হয়েছে।

ক. সেবা কী? ১

খ. দ্রব্য ও সেবার মধ্যে পার্থক্য দেখাও। ২

গ. তোমার মতে উদ্দীপকে উল্লিখিত 'মিলেনিয়াম ইন্ডাস্ট্রিজ লি.' দ্রব্য ও সেবার কোনটি উৎপাদন করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ক্রেতা উপযোগীকরণের মাধ্যমে প্রতিষ্ঠানটিকে লাভজনক করা সম্ভব? উদ্দীপকের আলোকে যুক্তিসহ লেখো। ৪

৫. ▶ মাছুম এন্টারপ্রাইজ বিদেশ থেকে যন্ত্রাংশ আমদানি করে নিজস্ব কারখানায় সংযোজন করে টেলিভিশন বাজারজাতকরণ করে। বিদ্যুৎ সমস্যার কথা চিন্তা করে মাছুম এন্টারপ্রাইজ টেলিভিশনের ভিতরে ব্যাটারি যুক্ত করার পরিকল্পনা করছে। এর ফলে বিদ্যুৎ চলে গেলেও নির্দিষ্ট সময় পর্যন্ত গ্রাহক টেলিভিশন দেখতে পারবে।

ক. পণ্য ডিজাইন কী? ১

খ. প্যাকিং ডিজাইন বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত মাছুম এন্টারপ্রাইজ পণ্যের কোন ধরনের ডিজাইনের পরিকল্পনা করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'ডিজাইন ভোক্তা সন্তুষ্টির সহায়ক'- তুমি কি এ বক্তব্যের সাথে একমত? যুক্তিসহ লেখো। ৪

৬. ▶ মি. বকি এদেশে প্রতিষ্ঠিত একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠানের কর্মরত। তিনি উক্ত প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যের মান যাতে ক্রেতাদের কাঙ্ক্ষিত মাত্রায় বহাল থাকে সে বিষয়টি নিয়ে কাজ করেন। তিনি মনে করেন, পণ্যের মান বজায় রাখার জন্য কর্মীদের অংশগ্রহণ অত্যন্ত জরুরি। কারণ উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হলেও তার বাস্তবায়ন কিন্তু কর্মীদের দ্বারাই হয়ে থাকে। তিনি আরও মনে করেন, ক্রেতা সন্তুষ্টি, কর্মীদের সম্পৃক্ততা এবং মানের ধারাবাহিকতা ইত্যাদির সমন্বয়ে গঠিত ব্যবস্থাপনার মাধ্যমে পণ্যের মান প্রতিযোগিতামূলক পর্যায়ে আনা সম্ভব।

ক. উৎপাদন ক্ষতি কী? ১

খ. মান নিয়ন্ত্রণ বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত কর্মীদের অংশগ্রহণ বলতে মি. বকি কর্মীদের ক্ষমতায়নকেই বুঝিয়েছেন- বিষয়টি ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত তিনটি বিষয়ের সমন্বয়ে যে ব্যবস্থাপনার কথা মি. বকি উল্লেখ করেছেন, তা মান ব্যবস্থাপনারই নামান্তর— উক্তটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

৭.▶ 'সুমনা ড্রাগস' কিশোরগঞ্জে প্রতিষ্ঠিত বাংলাদেশের একটি নামকরা ঔষধ উৎপাদন ও বাজারজাতকারী প্রতিষ্ঠান। ১০ বছর পূর্বে প্রতিষ্ঠার সময় থেকেই প্রতিষ্ঠানটি উৎপাদিত ঔষধের মান বজায় রাখার জন্য সচেষ্ট। উৎপাদিত ঔষধের ত্রুটি চিহ্নিত করার জন্য এটি বিভিন্ন ধরনের যন্ত্রপাতি ব্যবহার করে। এতে প্রতিষ্ঠানের বেশ অর্থ ব্যয় হয়।

ক. আইএসও-এর পূর্ণরূপ কী? ১

খ. মূল্যায়ন ব্যয় বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'সুমনা ড্রাগস'-এর উৎপাদিত ঔষধের ত্রুটি চিহ্নিত করার ব্যয় কোন ধরনের ব্যয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো যথাযথ মান ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের প্রতিযোগিতার সামর্থ্য বৃদ্ধি করে? যুক্তিসহ লিখ। ৪

৮.▶ 'সুমাইয়া পোল্ট্রি ফার্ম' ২০১০ সালে মাসে ৫০,০০০ ডিম উৎপাদনের লক্ষ্য নিয়ে প্রতিষ্ঠিত হয়। চাহিদা কম থাকায় এটি পুরোমাত্রায় উৎপাদন করতে পারেনি। বর্তমানে এখানে মাসে গড়ে ২০,০০০ ডিম উৎপাদিত হয়। চাহিদা বৃদ্ধির জন্য এটি বর্তমানে ব্যাপক আকারে বাজারজাতকরণ কার্যক্রম গ্রহণের পরিকল্পনা করেছে?

ক. উৎপাদন ক্ষমতা কী? ১

খ. সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা বলতে কী বুঝ? ২

গ. তোমার মতে উদ্দীপকে উল্লিখিত 'সুমাইয়া পোল্ট্রি ফার্ম' এর প্রকৃত উৎপাদন ক্ষমতা কত? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো চাহিদা বাড়লে প্রতিষ্ঠানটির উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করা সম্ভব? যুক্তিসহ লিখ। ৪

৯.▶ ফারুক সাহেব দীর্ঘদিন একটি বিখ্যাত আমের জুস তৈরির কারখানায় ব্যবস্থাপক পদে চাকরি করার পর নিজেই একটি জুস তৈরির কারখানা স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করেন। তাঁর পর্যাপ্ত মূলধন থাকায় যন্ত্রপাতি ক্রয় ও দক্ষ কর্মী নিয়োগ কোনো সমস্যা ছিল না। এছাড়া ঢাকার গাজীপুরে তাঁর ৪০ কাঠা জমিও ছিল। ঢাকার কাছাকাছি এতো সুযোগ-সুবিধা থাকা সত্ত্বেও সে রাজশাহী জেলায় জুস তৈরির কারখানা স্থাপন করে ব্যাপক সাফল্য অর্জন করেন।

ক. ব্যবসায়ের অবস্থান কী? ১

খ. ব্যবসায়ের উপযুক্ত অবস্থান নির্ধারণ কীভাবে প্রতিযোগিতা মোকাবিলায় সাহায্য করে? ২

গ. উদ্দীপকের আলোকে রাজশাহীতে আমের জুস তৈরির কারখানা স্থাপনের যৌক্তিকতা বর্ণনা করো। ৩

ঘ. স্থান নির্বাচন কীভাবে প্রতিষ্ঠানের সর্বোচ্চ সফলতা নিশ্চিত করতে পারে তা উদ্দীপকের আলোকে বুঝিয়ে দাও। ৪

Teachingbd.com

## বিষয় : উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : 2 8 6

সময় : ৪০ মিনিট

পূর্ণমান-৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. উ�ৎপাদন বলতে কি বোঝায়?
ক) উপযোগ সৃষ্টি
খ) নতুন কিছু তৈরী করা
গ) মানুষের অভাব সৃষ্টি করা
ঘ) উৎপাদনশীলতা বৃদ্ধি করা

২. মোট উৎপাদনশীলতায় পণ্যের মূল্যকে উপকরণের মূল্য দিয়ে ভাগ করলে কোন ধরনের উৎপাদনশীলতা পাওয়া যায়?
ক) সার্বিক উৎপাদনশীলতা
খ) শ্রমের উৎপাদনশীলতা
গ) মালামালের উৎপাদনশীলতা
ঘ) যন্ত্রের উৎপাদনশীলতা

৩. নার্সের সেবাকে উৎপাদন বলা হলেও মায়ের সেবাকে কেন উৎপাদন বলা হয় না?
ক) এর উপযোগীতা অত্যন্ত বেশী
খ) পারিবারিকভাবে এ সেবা উৎপাদিত হয়
গ) নির্দিষ্ট সময় পরে এ সেবার প্রয়োজন নেই
ঘ) বিক্রয়যোগ্য মূল্য সৃষ্টি করে না বলে

৪. কোনটি শ্রমবিভাগের সুবিধা?
ক) দক্ষতা বৃদ্ধি খ) উৎপাদনশীলতা বৃদ্ধি
গ) সময় বাঁচে ঘ) উপরের সবগুলো

৫. মূলধনের বৈশিষ্ট্য কোনটি?
i. উৎপাদনশীলতা ii. উৎপাদিত উপাদান
iii. জীবন্ত উপাদান
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৬-৮ নং প্রশ্নের উত্তর দাও:
'পল্লী বুটিকস' ঢাকার মিরপুরের একটি নামকরা ফ্যাশন হাউজ। এটি নিজেরা পোশাকের ডিজাইন করে গ্রামের তাঁতী ও নারীদের দিয়ে ডিজাইন অনুযায়ী পোশাক তৈরী করায়। 'পল্লী বুটিকস' এর মালিক তৌফিক হোসেন তার গ্রামের বাড়ি টাঙ্গাইলে প্রায় ৭০০ নারী শ্রমিককে দিয়ে পোশাকে হাতের কাজ করান।

৬. 'পল্লী বুটিকস' কোন ধরনের ব্যবসায় সংগঠন?
ক) একমালিকানা সংগঠন খ) অংশীদারি সংগঠন
গ) যৌথমূলধনী সংগঠন ঘ) উপরের কোনটি নয়

৭. 'পল্লী বুটিকস'-এ উৎপাদনের কোন উপকরণটির উপর বেশি গুরুত্ব প্রদান করা হয়?
ক) ভূমি খ) শ্রম গ) মূলধন ঘ) সংগঠন

৮. উদ্দীপকের 'পল্লী বুটিকস'-এর মালিক তৌফিক হোসেনকে উৎপাদনের কোন উপাদান হিসেবে গণ্য করা যায়?
ক) ভূমি খ) শ্রম গ) মূলধন ঘ) সংগঠন

৯. উৎপাদনের মাত্রা নির্ধারণকারী উপাদান কোনটি?
ক) মূলধনের পরিমাণ খ) উৎপাদন ক্ষমতা
গ) ব্যবস্থাপকীয় যোগ্যতা ঘ) উপরের সবগুলো

১০. জমি ও দালানকোঠা ব্যতিত স্থায়ী সম্পদের মূল্য ৫ কোটি টাকা হলে এটি কোন শিল্প হবে?
ক) ক্ষুদ্র শিল্প খ) মাঝারি শিল্প
গ) বৃহদায়তন শিল্প ঘ) উপরের কোনটি হয়

১১. জমি ও দালানকোঠা ব্যতিত স্থায়ী সম্পদের মূল্য ৫০ কোটি টাকা হলে কোন শিল্প হিসেবে গণ্য হবে?
ক) ক্ষুদ্র শিল্প খ) মাঝারি শিল্প
গ) বৃহদায়তন শিল্প ঘ) উপরের কোনটি হয়

১২. কোন প্রতিষ্ঠান একটি মাপকাঠিতে ক্ষুদ্র ও অন্য মাপকাঠিতে মাঝারি শ্রেণীর হলে তাকে কোন শিল্প বলা হবে?
ক) ক্ষুদ্র শিল্প খ) মাঝারি শিল্প
গ) বৃহদায়তন শিল্প ঘ) উপরের কোনটি নয়

১৩. উৎপাদন ক্ষেত্রে ক্ষুদ্র শিল্প হচ্ছে—
i. জমি ও দালান-কোঠা ছাড়া স্থায়ী সম্পদের মূল্য ৫০ লক্ষ থেকে ১০ কোটি
ii. জমি ও দালান-কোঠা ছাড়া স্থায়ী সম্পদের মূল্য ১০ কোটি থেকে ৩০ কোটি
iii. শ্রমিক ২৫ থেকে ৯৯ জন
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii গ) i ও iii ঘ) i, ii ও iii

১৪. সেবার ক্ষেত্রে মাঝারী শিল্প কাদের বলা হবে?
i. যাদের জমি ও বিল্ডিং ব্যতীত স্থায়ী সম্পদের মূল্য ১ কোটি থেকে ১৫ কোটি
ii. শ্রমিক ৫০ থেকে ১০০ জন
iii. শ্রমিক ১০০ এর বেশি
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১৫-১৭ নং প্রশ্নের উত্তর দাও:
জনাব সোলায়মান মিরপুরে বেনারসী শাড়ী উৎপাদন করেন। নিজের জমিতে টিনশেড দিয়ে তিনি কারখানা তৈরি করেছেন। তার কারখানায় মোট ৮০ জন দক্ষ ও অদক্ষ শ্রমিক রয়েছে। তিনি নিজে সর্বক্ষণ দেখাশোনা করেন। এতে শ্রমিকেরা ফাঁকি দিতে পারে না ও অপচয় কম হয়। ব্যাংক লোনসহ তিনি কারখানায় ৭ কোটি টাকা বিনিয়োগ করেছেন। প্রতিযোগীদের চেয়ে কম মূল্যে বিক্রয় করেন বলে তার উৎপাদিত কাপড় বিক্রয়ে সমস্যা হয় না।

১৫. জনাব সোলায়মানের কারখানাটি কোন ধরনের শিল্প?
ক) ক্ষুদ্র শিল্প খ) মাঝারী শিল্প
গ) বৃহদায়তন শিল্প ঘ) উপরের কোনটিই নয়

১৬. জনাব সোলায়মানের কম মূল্য কাপড় বিক্রয়ের কারণ কী?
ক) কারখানার ভাড়া লাগে না
খ) ব্যক্তিগত তত্ত্বাবধান
গ) অপচয় হ্রাস ঘ) উপরের সবগুলো

১৭. প্রতিযোগিতামূলক সুবিধা অর্জনের ক্ষেত্রে জনাব সোলায়মানের মূল সুবিধা কোনটি?
ক) কারখানার ভাড়া লাগে না
খ) ব্যক্তিগত তত্ত্বাবধান
গ) অপচয় হ্রাস ঘ) উপরের সবগুলো

১৮. মোট জাতীয় উৎপাদন থেকে মূলধনের অবচয়জনিত ব্যয় দিলে কি পাওয়া যায়?
ক) মোট দেশজ উৎপাদন
খ) মোট জাতীয় উৎপাদন
গ) জাতীয় আয় ঘ) নিট জাতীয় আয়

১৯. জাতীয় আয় পরিমাপের প্রচলিত পদ্ধতি কয়টি?
ক) ২টি খ) ৩টি গ) ৪টি ঘ) ৫টি

Teachingbd.com

http://teachingbd.com

২০. মোট জাতীয় আয়কে মোট জনসংখ্যা দিয়ে ভাগ করলে কি পাওয়া যায়?
ⓚ মোট জাতীয় উৎপাদন ⓚ নিট জাতীয় উৎপাদন
ⓖ মাথা পিছু আয় ⓖ নিট জাতীয় আয়

২১. কোনটি দেশের অর্থনৈতিক অবস্থার পরিপূর্ণ চিত্র প্রকাশ করে?
ⓚ মোট দেশজ উৎপাদন
ⓚ মোট জাতীয় উৎপাদন
ⓖ জাতীয় আয়
ⓖ নিট জাতীয় উৎপাদন

২২. মোট জাতীয় উৎপাদন কিভাবে পরিমাপ করা হয়?
i. আয়ের দৃষ্টিকোণ থেকে
ii. ব্যয়ের দৃষ্টিকোণ থেকে
iii. সঞ্চয়ের দৃষ্টিকোণ থেকে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৩. মোট দেশজ উৎপাদনের কোনটি অন্তর্ভুক্ত হয়?
i. ভৌগোলিক সীমারেখার মধ্যে উৎপাদিত পণ্য ও সেবা
ii. দেশে বসবাসরত বিদেশি নাগরিকদের উৎপাদিত পণ্য ও সেবা
iii. প্রবাসী নাগরিকদের উৎপাদিত পণ্য ও সেবা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৪. জাতীয় আয় পরিমাপের সমস্যা কী?
i. সঠিক তথ্যের অভাব
ii. কম পণ্য উৎপাদন হওয়া
iii. অবিক্রিত পণ্য
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৫. বিদেশে অবস্থানরত নাগরিকদের আয় কোনটিতে অন্তর্ভুক্ত হয়?
ⓚ জাতীয় আয় ⓚ মোট দেশজ উৎপাদন
ⓖ মোট জাতীয় উৎপাদন ⓖ উপরের কোনটি নয়

২৬. বিদেশে অবস্থানরত নাগরিকদের আয় কোনটিতে অন্তর্ভুক্ত হয় না?
ⓚ জাতীয় আয় ⓚ মোট দেশজ উৎপাদন
ⓖ মোট জাতীয় উৎপাদন ⓖ মাথা পিছু আয়

২৭. কি কারণে উৎপাদনশীলতা চ্যালেঞ্জের সম্মুখীন হয়?
ⓚ অদক্ষ উৎপাদন ব্যবস্থাপক
ⓚ ত্রুটিপূর্ণ পরিকল্পনা
ⓖ অপরিকল্পিত বিন্যাস ⓖ উপরের সবগুলো

২৮. মানসম্পন্ন পণ্য কেন প্রয়োজন?
ⓚ প্রতিযোগিতায় টিকে থাকে
ⓚ ক্রেতাদের সন্তুষ্ট করা
ⓖ ক্রেতা ধরে রাখা ⓖ উপরের সবগুলো

২৯. কোন খাতের দ্রুত বৃদ্ধি ঘটছে?
ⓚ পণ্য খাত ⓚ সেবা খাত
ⓖ কৃষি খাত ⓖ উপরের কোনটি নয়

৩০. কোনটি উৎপাদন ব্যবস্থাপনার কাজ নয়?
ⓚ পণ্য ডিজাইন ⓚ মজুদ নিয়ন্ত্রণ
ⓖ কারখানা বিন্যাস ⓖ বিক্রয় পরিকল্পনা

৩১. নিচের কোনটি উৎপাদন ব্যবস্থাপনার আওতাভুক্ত?
ⓚ উৎপাদন পরিকল্পনা ⓚ মান নিয়ন্ত্রণ
ⓖ শ্রমিকদের প্রশিক্ষণ ⓖ উপরের সবগুলো

৩২. সেবার বৈশিষ্ট্য কোনটি?
i. এটি অস্পর্শনীয় ii. সেবা পচনশীল
iii. সেবার মান হস্তান্তর করা যায় না
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩৩. বাংলাদেশে উৎপাদন ব্যবস্থাপনার সমস্যা সমাধান করা যায় কিভাবে?
i. উৎপাদন বৃদ্ধি করে ii. মান নিয়ন্ত্রণ করে
iii. বিক্রয় বৃদ্ধি করে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩৪. কোনটি পণ্য ডিজাইনে প্রভাব বিস্তার করে?
i. স্টাইল পরিবর্তনের প্রবণতা
ii. কার্যপদ্ধতি ও যন্ত্রপাতি
iii. শেয়ারের মূল্য
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩৫. কোনটি উত্তম ডিজাইনের বৈশিষ্ট্য?
i. পুনঃডিজাইন যোগ্যতা
ii. ড্রয়িং ও স্পেসিফিকেশন
iii. কম সময়ে ডিজাইন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩৬. পণ্য ডিজাইনের প্রবণতা কোনটি?
i. নতুন পণ্য ও সেবা প্রচলনের সময় হ্রাস
ii. ক্রেতা সন্তুষ্টি
iii. পরিবেশগত দিক
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩৭. জাহাজ নির্মাণ কোন লে-আউটের অন্তর্ভুক্ত?
ⓚ প্রসেস লে-আউট ⓚ প্রোডাক্ট লে-আউট
ⓖ ফিক্সড পজিশন লে-আউট
ⓖ অফিস লে-আউট

**উদ্দীপকটি পড়ো এবং ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও:**
জনাব জামিয়ার রহমান একটি প্রসাধনী ফ্যাক্টরির মালিক। তার ফ্যাক্টরিতে লিপস্টিক, ফেসওয়াশ, নেইল পলিস ও ভ্যাসলিন তৈরি হয়। তার ফ্যাক্টরি কয়েকটি ভাগে বিভক্ত। তিনি ফ্যাক্টরির জন্য ব্যবহৃত কাঁচামাল সংগ্রহ করে বিভিন্ন বিভাগে প্রেরণ করে। এর পর মান নিয়ন্ত্রণের মাধ্যমে বাজারজাত করে। তবে ফ্যাক্টরির যে বিন্যাস এর জন্য তাকে মাঝে মাঝেই তত্ত্বাবধান ও পরিচালনাগত জটিলতায় পড়তে হয়। তাই তিনি এই মাধ্যমে তার প্রতিষ্ঠানের সম্পত্তিগুলো সর্বোচ্চ ব্যবহার করতে পারছেন।

৩৮. জনাব জামিয়ার রহমান তার প্রসাধনী ফ্যাক্টরিতে কোন ধরনের বিন্যাস অনুসরণ করেছেন?
ⓚ পণ্য বিন্যাস ⓚ প্রক্রিয়া বিন্যাস
ⓖ স্থির বিন্যাস ⓖ গুদামজাতকরণ বিন্যাস

৩৯. জনাব জামিয়ার রহমানের ফ্যাক্টরির অনুসৃত বিন্যাসে পাওয়া যায়—
i. অধিক নমনীয়তা ii. স্বল্প মূলধন
iii. সম্পদের সর্বোচ্চ ব্যবহার
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৪০. ওয়ারেন্টি ব্যয় কোন ধরনের ব্যয়?
ⓚ প্রতিরোধ ব্যয় ⓚ মূল্যায়ন ব্যয়
ⓖ অভ্যন্তরীণ ব্যর্থতার ব্যয়
ⓖ বাহ্যিক ব্যর্থতার ব্যয়

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ক | ৩ | খ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | গ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | গ |
| ২১ | গ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ঘ | ৩১ | ঘ | ৩২ | খ | ৩৩ | খ | ৩৪ | খ | ৩৫ | খ | ৩৬ | ঘ | ৩৭ | গ | ৩৮ | ঘ | ৩৯ | ঘ | ৪০ | ঘ |

http://teachingbd.com